# নাজিরহাট পৌরসভা

ফটিকছড়ি, চট্টগ্রাম।
e-mail : nazirhatpourashava@gmail.com

স্মারক নং- নাঃপৌঃ/ প্র:বি:/৫৪/২০২৩/৪০৫ তারিখ : ৩১/১২/২০২৩

বিষয় ঃ- বাংলাদেশ সরকার, ADB এবং AFD সহায়তায় বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতাভূক্ত পৌরসভাসমূহে প্রকল্প নির্দেশনা অনুযায়ী "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" এবং "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি" গঠন/পূণ:গঠন প্রসংগে।

সূত্র ঃ- স্মারক নং-৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১১৩.২০২৩/৭১৯(৮৮), তারিখ ঃ ১৬/১০/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতাভূক্ত পৌরসভায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন-২০০৯, দ্বিতীয় অধ্যায়ের ৫৫ অনুচ্ছেদ অনুযায়ী পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধিসহ অন্যান্য সদস্য সমন্বয়ে নাজিরহাট পৌরসভার "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" এবং "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি" গঠন/পূণ:গঠন পূর্বক কমিটির তালিকা ও প্রজ্ঞাপনের অনুলিপি সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ-১। সংশ্লিষ্ট কমিটি গঠনের তালিকা- ০১ ফর্দ।
২। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি গঠনের প্রজ্ঞাপনের অনুলিপি- ০২ ফর্দ।

৩১/১২

এ কে জাহেদ
মেয়র
নাজিরহাট পৌরসভা
ফটিকছড়ি, চট্টগ্রাম।

প্রকল্প পরিচালক
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
"নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)"
এলজিইডি ভবন, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৮/

# নাজিরহাট পৌরসভা কার্যালয়

ফটিকছড়ি,চট্টগ্রাম।

স্মারক নং-নাঃপৌঃ/প্রশাঃ বিঃ/চট্ট/২০২৩-৪০৪ (১০), তারিখ-২৮/১২/২০২৩ইং

বিষয় ঃ- **নাজিরহাট পৌরসভার "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি" গঠন/পূণঃগঠন এবং কমিটি'র কার্যাবলী সংক্রান্ত প্রজ্ঞাপন।**

স্থানীয় সরকার (পৌরসভা) আইন,২০০৯ এর ধারা ৫৬(১) এর বিধান মোতাবেক এবং "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" (IUGIP) নির্দেশনা মোতাবেক পৌরসভার **"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি"** গঠন/পূণঃগঠন করতঃ এবং **কমিটি'র কার্যাবলী সংক্রান্ত প্রজ্ঞাপন** জারী পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ- ১। "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি" গঠনের রূপরেখা ও কার্যাবলী-০১ ফর্দ।

এ কে জাহেদ
মেয়র
নাজিরহাট পৌরসভা
ফটিকছড়ি, চট্টগ্রাম।

জনাব .........................................
কাউন্সিলর, .......... নং ওয়ার্ড/সঃআসন-
নাজিরহাট পৌরসভা,চট্টগ্রাম।

অনুলিপি ঃ-
১। পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।
২। অফিস নথি/গার্ড ফাইল।

# নাজিরহাট পৌরসভা কার্যালয়

ফটিকছড়ি ,চট্টগ্রাম।

## প্রজ্ঞাপন

(১) দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব ছৈয়দ মুহাম্মদ জয়নাল আবেদীন | কাউন্সিলর, ১নং ওয়ার্ড | সভাপতি |
| ০২ | জনাব এ কে জাহেদ | মেয়র | সদস্য |
| ০৩ | জনাবা ছলিমা আক্তার | কাউন্সিলর, সংআসন-১ | সদস্য |
| ০৪ | জনাব মুহাম্মদ মনজুর মিয়া | কাউন্সিলর, ৭নং ওয়ার্ড | সদস্য |
| ০৫ | জনাব মোঃ সোলেমান | কাউন্সিলর, ৯নং ওয়ার্ড | সদস্য |
| ০৬ | জনাব আবু তাহের-০১৮২৫-১৭৭৩৩২, ১নং ওয়ার্ড | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি (পুরুষ) | সহায়ক সদস্য |
| ০৭ | জনাবা লাকী আকতার ০১৮৮৮-৫১১৭১০, ৫নং ওয়ার্ড | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি (নারী) | সহায়ক সদস্য |
| ০৮ | জনাব রাজীব বড়ুয়া, সহকারী প্রকৌশলী | ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট | সহায়ক সদস্য |

২। কমিটির কার্য পরিধি ঃ **প্রকল্পের কাজের সুবির্ধাথে মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এতদ্বসংক্রান্ত বিধি'র কার্য-পরিধি'র সঙ্গে সমন্বয় করে নিম্নবর্ণিত কার্য-পরিধিসমূহ পালন করতে হবে :**

২.১। প্রতি মাসে ১টি সভা করা এবং নিয়মিতভাবে কার্যবিবরণী লিপিবদ্ধ করা ;

২.২। পৌরসভা এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষ এবং বস্তির সংখ্যা নিরূপণ ও তালিকা তৈরী করা ;

২.৩। দরিদ্র মানুষের চাহিদা নিরূপণ ও অগ্রাধিকার নির্ণয় করা ;

২.৪। দারিদ্র হ্রাসকরণ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা, বরাদ্দের সুপারিশ করা এবং যথাযথ ব্যবহার নিশ্চিত করা ;

২.৫। দারিদ্র নিরসনে স্কীম চিহ্নিতকরণ, দারিদ্র হ্রাসকরণ কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং সেই সকল কর্ম প্রকল্প বাস্তবায়ন; প্রকল্পের আওতায় প্রণীত সংক্ষিপ্ত ধারণামূলক দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে পৌরসভার চাহিদা অনুযায়ী দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং টিএলসিসি-এর অনুমোদনক্রমে পিডিপি-তে অন্তর্ভূক্তকরণ;

২.৬। টিএলসিসি, ডাব্লিউসি ইত্যাদি সংশ্লিষ্ট ফোরামে দারিদ্র হ্রাসকরণ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত উপস্থাপন করা ;

২.৭। দারিদ্র হ্রাসকরণ কর্ম পরিকল্পনা বাস্তবায়নে কমিউনিটি, সরকারী প্রতিষ্ঠান, এনজিওসহ পৌরসভার ভূমিকা চিহ্নিত করা ;

২.৮। বস্তি ও ক্লাষ্টার চিহ্নিত করা, আর্থ সামাজিক ও অবকাঠামো সেবা প্রদানের ব্যবস্থা করা ;

২.৯। বস্তি উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা এবং বস্তি উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব পালন করা ;

২.১০। পৌর এলাকায় দারিদ্র হ্রাসকরণ বিষয়ক যাবতীয় কর্মকান্ড কার্যকরভাবে পর্যালোচনা করা ;

২.১১। দরিদ্র মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণ করা ;

২.১২। পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে দরিদ্র জনগণকে সম্পৃক্ত করা ;

২.১৩। দরিদ্র মানুষ বিশেষত দরিদ্র নারী, শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয় বর্ধক কর্মসূচি ও শিক্ষা কার্যক্রম গ্রহণ করা ;

২.১৪। পৌরসভার দারিদ্র হ্রাসকরণ কর্ম পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন এবং সঠিকভাবে পূরণকৃত মনিটরিং ফরমেট যথাসময়ে প্রকল্প ব্যবস্থাপনা অফিসে প্রেরণসহ মটিটরিং ও রিপোর্টিং সংক্রান্ত বিষয়াদি নিশ্চিত করা ;

২.১৫। প্রয়োজনে পৌরসভার অন্য কোন কর্মকর্তা কিংবা এ বিষয়ে দক্ষ অন্য কোন ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে।

(এ কে জাহেদ)
মেয়র
নাজিরহাট পৌরসভা
চট্টগ্রাম।

# নাজিরহাট পৌরসভা কার্যালয়

ফটিকছড়ি,চট্টগ্রাম।

স্মারক নং-নাঃপৌঃ/প্রশাঃ বিঃ/চট্ট/২০২৩-৪০৩ (১০), তারিখ-২৮/১২/২০২৩ইং

বিষয় ঃ- নাজিরহাট পৌরসভার "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" গঠন/পূণঃগঠন এবং কমিটি'র কার্যাবলী সংক্রান্ত প্রজ্ঞাপন।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন,২০০৯ এর ধারা ৫৬(১) এর বিধান মোতাবেক এবং "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" (IUGIP) নির্দেশনা মোতাবেক পৌরসভার **"মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি"** গঠন/পূণঃগঠন করতঃ এবং **কমিটি'র কার্যাবলী সংক্রান্ত প্রজ্ঞাপন** জারী পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ- ১। "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি"
গঠনের রূপরেখা ও কার্যাবলী-০১ ফর্দ।

এ কে জাহেদ
মেয়র
নাজিরহাট পৌরসভা
ফটিকছড়ি, চট্টগ্রাম।

জনাব ........................................
কাউন্সিলর, .......... নং ওয়ার্ড/সঃআসন-
নাজিরহাট পৌরসভা,চট্টগ্রাম।

অনুলিপি ঃ-
১। পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।
২। অফিস নথি/গার্ড ফাইল।

# নাজিরহাট পৌরসভা কার্যালয়

ফটিকছড়ি,চট্টগ্রাম।

## প্রজ্ঞাপন

### (২) মহিলা ও শিশু বিষয়ক কমিটি

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাবা ছলিমা আকতার শিউলি | কাউন্সিলর, ১নং ওয়ার্ড | সভাপতি |
| ০২ | জনাব এ কে জাহেদ | মেয়র | সদস্য |
| ০৩ | জনাবা রহিমা বেগম | কাউন্সিলর, সঃআসন-২ | সদস্য |
| ০৪ | জনাবা হাসিনা মমতাজ | কাউন্সিলর, সঃআসন-৩ | সদস্য |
| ০৫ | জনাব মোঃ সোলেমান | কাউন্সিলর, ৯নং ওয়ার্ড | সদস্য |
| ০৬ | জনাব মোস্তফা কামাল | কাউন্সিলর, ৫নং ওয়ার্ড | সদস্য |
| ০৭ | জনাব মুহাম্মদ মনজুর মিয়া | কাউন্সিলর, ৭নং ওয়ার্ড | সদস্য |

**২। কমিটির কার্য পরিধি ঃ** প্রকল্পের কাজের সুবিধার্থে মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত বিধি'র কার্য-পরিধি'র সঙ্গে সমন্বয় করে নিম্নবর্ণিত কার্য-পরিধিসমূহ পালন করতে হবে :

২.১। প্রতি মাসে ১টি সভা করা এবং নিয়মিতভাবে কার্যবিবরণী লিপিবদ্ধ করা ;

২.২। পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণে নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ ;

২.৩। নারী শিশুসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠির কল্যাণে বিভিন্নমুখী উন্নয়ন কার্যক্রম গ্রহণে সুপারিশ করা ;

২.৪। প্রকল্পের আওতায় প্রণীত সংক্ষিপ্ত নির্দেশনা সম্বলিত ধারণমূলক জেন্ডার এ্যাকশন প্লানের সাথে সামঞ্জস্য রেখে পৌরসভার চাহিদা অনুযায়ী জেন্ডার এ্যাকশন প্ল্যান প্রণয়ন এবং টিএলসিসি'র এর অনুমোদনক্রমে পিডিপি-তে অন্তর্ভূক্তকরণ ;

২.৫। জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের জন্য নারীর উন্নয়ন সংক্রান্ত বাজেট প্রণয়ন করা, বরাদ্দের সুপারিশ করা এবং যথাযথ ব্যবহার নিশ্চিত করা ;

২.৬। টিএলসিসি, ডাব্লিউসি ইত্যাদি সংশ্লিষ্ট ফোরামে/সভায় জেন্ডার বিষয়ক কার্যক্রম নিয়মিত উপস্থাপন করা ;

২.৭। নারী-পুরুষ সমতা সংক্রান্ত বিষয় চিহ্নিত করা এবং জেন্ডার ও জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়ন কার্যক্রম সম্পর্কে কমিউনিটি, সরকারী প্রতিষ্ঠান, এনজিওসহ পৌরসভার ভূমিকা চিহ্নিত করা ;

২.৮। পৌরসভা উন্নয়ন পরিকল্পনায়(পিডিপি) বর্ণিত সংশ্লিষ্ট সকল কার্যক্রমের বাস্তবায়ন ও পরিবীক্ষণে সহায়তা করা;

২.৯। আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত মহিলাদের অধিকতর আকৃষ্ট করার জন্য ব্যবসায়ী মহিলাদের জন্য পৌর মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে কোটা সংরক্ষণ করা ;

২.১০। নারী ও শিশু পাচার এবং বাল্য বিবাহ রোধে জনগণকে সচেতন করা। যৌতুক বিরোধী অভিযান পরিচালনা করা। যৌতুকের ক্ষতিকর প্রভাব সর্ম্পকে জনগণকে অবহিত করা ;

২.১১। জন্ম-মৃত্যুর তথ্যাদি সংগ্রহ সংরক্ষণ করা। জন্ম নিবন্ধন করিতে পৌরবাসীকে উৎসাহিত করা ;

২.১২। দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা ;

২.১৩। ভিক্ষাবৃত্তি, ইভটিজিং, পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করা এবং পৌরসভার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করিতে সুপারিশ করা ;

২.১৪। শিশুদের জন্য খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র বা পার্ক নির্মাণে সুপারিশ করা ;

২.১৫। পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যানের যথাযথ বাস্তবায়ন এবং সঠিকভাবে পূরণকৃত মনিটরিং ফরমেট যথাসময়ে প্রকল্প ব্যবস্থাপনা অফিসে প্রেরণসহ মনিটরিং ও রিপোর্টিং সংক্রান্ত বিষয়াদি নিশ্চিত করা ;

২.১৬। পৌর এলাকায় নারী নির্যাতন বিষয়ক তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;

২.১৭। জেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অথবা টিএলসিসি'র সক্রিয় এবং দক্ষ নারী সদস্যকে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে ( যে ক্ষেত্রে যা প্রযোজ্য) ;

২.১৮। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সর্ম্পকে সিদ্ধান্ত গ্রহণ করা।

(এ কে জাহেদ)
মেয়র
নাজিরহাট পৌরসভা
চট্টগ্রাম।

# নাজিরহাট পৌরসভা কার্যালয়
ফটিকছড়ি ,চট্টগ্রাম।

## "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" ও "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)" গঠনের তালিকা

### (১) মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাবা ছলিমা আকতার শিউলি | কাউন্সিলর, ১নং ওয়ার্ড | সভাপতি |
| ০২ | জনাব এ কে জাহেদ | মেয়র | সদস্য |
| ০৩ | জনাবা রহিমা বেগম | কাউন্সিলর, সঃআসন-২ | সদস্য |
| ০৪ | জনাবা হাসিনা মমতাজ | কাউন্সিলর, সঃআসন-৩ | সদস্য |
| ০৫ | জনাব মোঃ সোলেমান | কাউন্সিলর, ৯নং ওয়ার্ড | সদস্য |
| ০৬ | জনাব মোস্তফা কামাল | কাউন্সিলর, ৫নং ওয়ার্ড | সদস্য |
| ০৭ | জনাব মুহাম্মদ মনজুর মিয়া | কাউন্সিলর, ৭নং ওয়ার্ড | সদস্য |

### (২) দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব ছৈয়দ মুহাম্মদ জয়নাল আবেদীন | কাউন্সিলর, ১নং ওয়ার্ড | সভাপতি |
| ০২ | জনাব এ কে জাহেদ | মেয়র | সদস্য |
| ০৩ | জনাবা ছলিমা আক্তার | কাউন্সিলর, সঃআসন-১ | সদস্য |
| ০৪ | জনাব মুহাম্মদ মনজুর মিয়া | কাউন্সিলর, ৭নং ওয়ার্ড | সদস্য |
| ০৫ | জনাব মোঃ সোলেমান | কাউন্সিলর, ৯নং ওয়ার্ড | সদস্য |
| ০৬ | জনাব আবু তাহের-০১৮২৫-১৭৭৩৩২, ১নং ওয়ার্ড | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি (পুরুষ) | সহায়ক সদস্য |
| ০৭ | জনাবা লাকী আকতার ০১৮৮৮-৫১১৭১০, ৫নং ওয়ার্ড | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি (নারী) | সহায়ক সদস্য |
| ০৮ | জনাব রাজীব বড়ুয়া, সহকারী প্রকৌশলী | ইনফ্রাস্ট্রাক্চার ইম্প্রুভমেন্ট | সহায়ক সদস্য |

২৫/১১/২২

(এ কে জাহেদ)
মেয়র
নাজিরহাট পৌরসভা
চট্টগ্রাম।